

2 0 1 2

ELECTIVE BENGALI

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কৃত্তিবাসের জন্মস্থান কোথায় ?
- (খ) চর্যাপদের সংস্কৃত টীকা কে রচনা করেছিলেন ?
- (গ) বিপ্রদাস পিপলাই রচিত 'মনসামঙ্গল' কাব্যের নাম কী ?
- (ঘ) কার পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর মহাভারতের অনুবাদ করেছিলেন ?
- (ঙ) চৈতন্যদেবের পিতা কে ছিলেন ?
- (চ) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী কাব্যটির নাম কী ?
- (ছ) 'সতীময়না' কাব্যটি কার রচনা ?
- (জ) 'সাধকরঞ্জন' নামক তন্ত্রসাধনামূলক কাব্যটি কার রচনা ?
- (ঝ) 'লোরচন্দ্রাণী' কাব্যের শেষাংশ কে রচনা করেন ?
- (ঞ) 'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথিটি কে আবিষ্কার করেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট চরিত্র কয়টি ও কী কী ?
- (খ) রামপ্রসাদ রচিত দুখানি কাব্যের নাম কী কী ?
- (গ) রূপরাম চক্রবর্তী কোন্ শতকের কবি? তাঁর রচিত মঙ্গলকাব্যটির নাম কী ?
- (ঘ) সুলতানের দরবারে সনাতন গোস্বামী ও রূপ গোস্বামী কী কী উপাধি লাভ করেছিলেন ?
- (ঙ) 'হাজার বছরের পুরান বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা' গ্রন্থটি কবে, কার সম্পাদনায় বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয় ?

৩। টীকা লেখো (যে কোনো চারটি) :

৫×৪=২০

বৃন্দাবনের ষড়্ গোস্বামী ; ময়মনসিংহগীতিকা ;  
গোরক্ষবিজয় ; বিদ্যাপতি ; 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য ;  
বাউল গান

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

- (ক) 'মহাভারত' অনুবাদক কাশীরাম দাসের কৃতিত্ব বিচার করো ।
- (খ) 'মনসামঙ্গল' কাব্যধারার পরিচয় দিয়ে বিভিন্ন কবির রচনায় প্রাপ্ত মূল কাহিনিটি সংক্ষেপে লেখো ।
- (গ) 'চণ্ডীমঙ্গল' কাব্য রচনায় দ্বিজ মাধবের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো ।

- (ঘ) ষোড়শ শতককে মধ্যযুগের বাঙালির সাহিত্য ও সমাজ-জীবনের স্বর্ণযুগ বলে কেন চিহ্নিত করা হয়, তা যুক্তিসহ লেখো।
- (ঙ) মধ্যযুগের বাংলা সাহিত্যে সৈয়দ আলাওলের অবদান সম্পর্কে আলোচনা করো।
- (চ) বাংলায় রচিত চৈতন্যজীবনী কাব্যগুলোর মধ্যে কোনটিকে তোমার শ্রেষ্ঠ বলে মনে হয় এবং কেন?
- (ছ) মহাভারত অনুবাদের ধারায় শ্রীকর নন্দী ও সঞ্জয় সম্পর্কে আলোচনা করো।
- (জ) শাক্ত পদাবলির ভাবসৌন্দর্য প্রকাশে রামপ্রসাদ সেনের কৃতিত্ব বিচার করো।

★ ★ ★